৫০

# দৈনিক বাংলা

তারিখ 20 JUN 1995
পৃষ্ঠা ৭ কলাম ২

# রাজশাহী বিভাগে ৪ বছরে প্রাথমিক স্কুলে ভর্তির হার ২০ ভাগ বৃদ্ধি

**মিডিয়া সিন্ডিকেট :** বগুড়া।– ২০০০ সালের মধ্যে সবার জন্য শিক্ষা বাস্তবায়নে রাজশাহী বিভাগে গত ৪ বছরে প্রাথমিক স্কুলে ছেলেমেয়েদের ভর্তি হার প্রায় ২০ ভাগ বৃদ্ধি পেয়েছে। এটা জাতীয় লক্ষ্যমাত্রার চেয়ে ২ ভাগ বেশী।

রাজশাহী বিভাগীয় প্রাথমিক শিক্ষা দফতরের জরিপ পরিসংখ্যান মতে ১৯৯২ সালে ৬ থেকে ১০ বছর বয়সী স্কুল গমনোপযোগী শিশুর সংখ্যা ছিল ৪১ লাখ ৪৯ হাজার ৭২৭ জন। এর মধ্যে বালক ২২ লাখ ৩১ হাজার ৬৬৫ এবং ১৯ লাখ ১৮ হাজার ৬২ জন বালিকা। এদের মধ্যে ৩০ লাখ ২৯ হাজার ৩শ' জনকে স্কুলে ভর্তি করা হয়। ভর্তির গড় হার শতকরা ৭৩ ভাগ। ওই সময় ২১ লাখ ৮১ হাজার ৯৬ জন নিয়মিত স্কুলে উপস্থিত হয়েছে।

'৯৩ সালের আগস্ট মাসের জরিপ তথ্যমতে ৪২ লাখ ১৯ হাজার ৮শ' ৮৩ জন স্কুল গমনোপযোগী বালক–বালিকার মধ্যে ৩৫ লাখ ১৫ হাজার ১৬২ জনকে স্কুলে ভর্তি করা হয়। ভর্তির হার ৮৩ দশমিক ৩ ভাগ। এর মধ্যে নিয়মিত স্কুলে উপস্থিত হয়েছিল ২৫ লাখ ৩৫ হাজার ১৩৫ জন।

'৯৪ সালের জুলাই মাসের জরিপ তথ্যমতে এলাকার মোট স্কুল গমনোপযোগী শিশুর সংখ্যা ৩৭ লাখ ৬৭ হাজার ৯৯৬ জন। এর মধ্যে স্কুলে ভর্তি হয়েছে ৩২ লাখ ৩৬ হাজার ৭০৮ জন। ভর্তির গড় হার ৮৫ দশমিক ৯ ভাগ। এদের মধ্যে নিয়মিত স্কুলে উপস্থিত হয়েছে ২৪ লাখ ৩৪ হাজার ৪ জন (শতকরা ৭৫ দশমিক ২ ভাগ)।

চলতি '৯৫ সালের গত এপ্রিল মাসের তথ্যমতে রাজশাহী বিভাগে মোট স্কুল গমনোপযোগী ৪১ লাখ ৪৫ হাজার ৩২৭ জন শিশুর মধ্যে ৩৬ লাখ ৬ হাজার ৪৩৪ জন শিশুকে স্কুলে ভর্তি করা হয়েছে। ভর্তির গড় হার ৮৭ ভাগ। এর মধ্যে নিয়মিত উপস্থিতির সংখ্যা ২৬ লাখ ৩২ হাজার ৬৯৭ জন।

এই পরিসংখ্যান মতে '৯২ সালের চেয়ে বর্তমান '৯৫ সালে পর্যায়ক্রমে ৫ লাখ ৭৭ হাজার ১৩৪ জন শিশু স্কুলে বেশী ভর্তি হয়েছে। যা পূর্বের তুলনায় ১৯ দশমিক শূন্য ৫ ভাগ বৃদ্ধি পেয়েছে। সরকার দেশে '৯৫ সালে স্কুল গমনোপযোগী শিশুদের মধ্যে ৮৫ ভাগ শিশুকে স্কুলে ভর্তি করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। চলতি বছর রাজশাহী বিভাগে গড়ে ৮৭ ভাগ শিশুকে স্কুলে ভর্তি করা সম্ভব হয়েছে।